

২০২০

বাংলা

তৃতীয় সেমিস্টার (DODL)

দ্বিতীয় পত্র

পূর্ণমান : ৮০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নের উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। ‘বঙ্গদর্শনের পত্রসূচনা’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্র নব্য লেখকদের প্রতি যে আহ্বানগুলি রেখেছেন, তা নিজের ভাষায় আলোচনা করো।

অথবা

হরপ্রসাদ শাস্ত্রীর ‘বর্তমান শতাব্দীর বাংলা সাহিত্য’ অবলম্বনে তৎকালীন বাংলা সাহিত্যের গতিপ্রকৃতি আলোচনা করো।

১৫

- ২। জগদীশ গুপ্ত রচিত ‘শক্তি অন্বেষণ’ গল্পটি কোন্ কোন্ দিক থেকে বিশেষ তাৎপর্যবাহী — তা আলোচনা করে বুঝিয়ে দাও।

অথবা

নরেন্দ্রনাথ মিত্রের ‘রস’ গল্পের নামকরণের সার্থকতা প্রতিষ্ঠিত করো।

১৫

- ৩। সুবোধ ঘোষের ‘সুন্দরম’ - গল্পের নামকরণের ক্ষেত্রে লেখকের অন্তর্দৃষ্টির বৈশিষ্ট্য কোথায় তা বুঝিয়ে দাও।

অথবা

একটি বিশেষ গোষ্ঠীর মানুষের আত্মস্থলনের মধ্যে দিয়ে তৎকালীন ভারতবর্ষের ঐতিহ্যচ্যুতির যে ছবি রমাপদ চৌধুরীর ‘ভারতবর্ষ’ গল্পে চিত্রিত হয়েছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৫

- ৪। গোপাল হালদারের অনুসরণে সংস্কৃতির সংজ্ঞা নিরূপণ করে তার তিন অঙ্গের পরিচয় দাও।

অথবা

পূঁজিবাদের উদ্ভব এবং সঙ্কট বলতে প্রাবন্ধিক কী বুঝিয়েছেন তা ব্যাখ্যা করো।

১৫

- ৫। টীকা লেখো (যে কোনো চারটি) :  $৫ \times ৪ = ২০$

ক) ডেভিড হেয়ার

খ) সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়

গ) রাজশেখর বসু

ঘ) কমলকুমার মজুমদার

ঙ) বিমল কর

চ) বিশ্ববিপ্লব।